দৈনিক খবর

তারিখ ... 16 MAY 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

৩৪

54

# ৩২৮ জন বহিষ্কার

চাঁপাইনবাবগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ এখানকার ৩টি কেন্দ্রে আজ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১০ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

কুমিল্লা থেকে আমাদের সংবাদদাতা

২-এর পাতায় দেখুন

## ৩২৮ জন বহিষ্কার

প্রথম পৃষ্ঠার পর

জানান ঃ এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল কুমিল্লার ৩৪টি কেন্দ্র হতে নকল করার অপরাধে ২৫৬ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। এছাড়া নকল সরবরাহের অভিযোগে মুরাদনগর কেন্দ্র হতে ২ জন শিক্ষককে বহিস্কার করা হয়। পুলিশ চৌদ্দগ্রাম কেন্দ্র হতে ১ জন বহিরাগতকে গ্রেফতার করেছে।

মুন্সীগঞ্জ থেকে আমাদের সংবাদদাতা জানান ঃ গতকাল মঙ্গলবার এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে জেলার ৬টি কেন্দ্রে নকল করার দায়ে ১৮ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। এর মধ্যে মুন্সিগঞ্জ সদরে ১০ জন, শ্রীনগর উপজেলায় ১ জন, টঙ্গীবাড়ী উপজেলায় ২ জন ও গজারিয়া উপজেলায় ৫ জনকে বহিস্কার করা হয়েছে।

প্রতিকূল আবহাওয়ার দরুন পরীক্ষার্থীদের অনেকেই নির্ধারিত সময়ের ২০/৩০ মিনিট পরে হলে প্রবেশ করেন।

বন্দর (নারায়ণগঞ্জ) থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ নকল সরবরাহের অভিযোগে গতকাল রূপগঞ্জ কেন্দ্র থেকে ৪ জন কর্তব্যরত শিক্ষককে বহিস্কার করা হয়েছে। এ ছাড়া নারায়ণগঞ্জে ১ জন, সোনারগাঁয়ে ৪ জন ও রূপগঞ্জে ৩ জন পরীক্ষার্থী বহিস্কার করা হয়।

### নেত্রকোনা

নেত্রকোনা থেকে আমাদের সংবাদদাতা জানান, গতকাল নেত্রকোনা জেলায় ৮টি কেন্দ্র থেকে পরীক্ষায় নকল করার দায়ে ২৩ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়।

### কক্সবাজার

কক্সবাজার থেকে আমাদের সংবাদদাতা জানান, কক্সবাজার জেলার মাধ্যমিক পরীক্ষায় কক্সবাজার জেলায় সর্বমোট ২,৯৪৪ জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করে। এর মধ্যে কক্সবাজার কেন্দ্রে ৬৮৬, মহেশখালী কেন্দ্রে ৪২৭, কুতুবদিয়া কেন্দ্রে ৩০৩, রামু কেন্দ্রে ২১৬, চকরিয়া কেন্দ্রে ১,১২৭, উখিয়া কেন্দ্রে ১৮৫ ও টেকনাফ কেন্দ্রে ৪৬ জন পরীক্ষার্থী রয়েছে।

প্রথম দুই দিন ১০ই মে ও ১২ই মে '৯০ বাংলা ১ম পত্র, ২য় পত্র এবং ইংরেজী ১ম পত্র-২য় পত্র পরীক্ষা সুষ্ঠভাবে সমাধা করা হয়েছে। জেলা প্রশাসক এম এ কামালকে সভাপতি করে জেলা পরীক্ষা পর্যবেক্ষণ কমিটি গঠন করা হয়েছে।

কক্সবাজার কেন্দ্রে প্রথম দিন ২ জন ছাত্র ও ২য় দিন ৬ জন ছাত্রকে বহিস্কার করা হয়েছে বলে জানা গেছে। কোন কেন্দ্র হতে কোন প্রকার অপ্রীতিকর ঘটনার সংবাদ পাওয়া যায়নি।